

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অবা-১ অধিশাখা
আদেশ

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/১০ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৩৪-আইন/২০১৭।—Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত আদেশের পরিশিষ্ট-১ এর নিয়ন্ত্রিত পণ্যের তালিকার ক অংশের এইচ এস হেডিং নম্বর ৮৭.১১ এবং তদ্বিপরীতে কলাম ২ ও ৩ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

এইচ এস হেডিং নম্বর	এইচ এস কোড নম্বর	পণ্যের বিবরণ ও বিধান
১	২	৩
৮৭.১১	সকল এইচ এস কোড	৩ (তিন) বৎসরের অধিক পুরাতন এবং ১৬৫ (একশত পঁয়ষট্টি) সিসি এর উর্ধ্ব সকল প্রকার মোটর সাইকেল আমদানি নিষিদ্ধ; তবে পুলিশ বিভাগের ক্ষেত্রে ১৬৫ (একশত পঁয়ষট্টি) সিসি'র উর্ধ্বসীমার এই বিধান প্রযোজ্য হইবে না; অনধিক ৩ (তিন) বৎসরের পুরাতন মোটর সাইকেল আমদানির ক্ষেত্রে এই ৩ (তিন) বৎসর

(৭৬৪১)

মূল্য : টাকা ৪.০০

এইচ এস হেডিং নম্বর	এইচ এস কোড নম্বর	পণ্যের বিবরণ ও বিধান
১	২	৩
		সময়কাল যানবাহন তৈরির পরবর্তী বৎসরের প্রথম দিন হইতে গণনা করা হইবে; পুরাতন মোটর সাইকেলের বয়স নির্ধারণের জন্য রেজিস্ট্রেশন ক্যানসেলেশন সার্টিফিকেটের বিকল্প হিসাবে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ও জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদিত পরিদর্শন কোম্পানির (পিএসআই) প্রদত্ত সনদ গ্রহণযোগ্য হইবে।

”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ দেলোয়ার হোসেন

যুগ্মসচিব।

মোঃ মজিবর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd